

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৪১.১৬. ০৪০

তারিখ: ০৭ ফেব্রুয়ারি, ২০২৪


বিষয় : পুনঃব্যাখ্যা তলব।

সূত্র: দশমিনা, পটুয়াখালী এর স্মারক নং ১৪ তারিখঃ ৩০/০১/২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত দশমিনা উপজেলা, পটুয়াখালী এ প্রকল্পের মেয়াদোত্তীর্ণ ঋণ বৃদ্ধি পাওয়ায় স্মারক নং ০২৭ তারিখঃ ২৯/০১/২৪ মূলে ব্যাখ্যা তলব করা হয়। ব্যাখ্যা তলবের জবাবে মেয়াদোত্তীর্ণ ও কিস্তি খেলাপী বৃদ্ধির জন্য সুনির্দিষ্ট কোন কারণ উল্লেখ না করে মেয়াদোত্তীর্ণ ঋণ ও কিস্তি খেলাপীর অর্থ আদায়ের যে কর্মপরিকল্পনা প্রদান করেছেন তা কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি। অদ্য ০৬/০২/২৪ তারিখে সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় যে, বর্তমানে উক্ত উপজেলায় কিস্তি খেলাপী ৪৭.৪৪ লক্ষ টাকা এবং জানুয়ারী, ২৪ মাসে কিস্তি আদায়ের হার ৩২% এবং আদায়যোগ্যের বিপরীতে কিস্তি খেলাপী ৬৮%, যা অত্যন্ত হতাশাজনক। এতে প্রতীয়মান হয়, নিয়মিত কিস্তি আদায়ের জন্য আপনি তদারকি কার্যক্রম জোরদার করেননি। উল্লেখ্য, ইতোপূর্বে নীতিমালা বহির্ভূত কার্যক্রম পরিচালনার জন্য ইউআরডিও কর্তৃক একাধিকবার সতর্ক করা সত্ত্বেও আপনি এ বিষয়ে কার্যকর কোন পদক্ষেপে গ্রহণ না করার বিষয়টিও সুস্পষ্ট।

২। এছাড়া সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় উক্ত উপজেলায় সুফলভোগী সদস্যদের মধ্যে বিতরণকৃত ঋণের সিংহভাগ এককালীন পরিশোধ করা সত্ত্বেও ঋণ নীতিমালা এবং এ সংক্রান্ত নির্দেশনা বহির্ভূতভাবে অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেছেন। আপনি নতুন সদস্য অন্তর্ভুক্তি/দল গঠনের বিষয়ে গুরুত্ব আরোপ না করে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল রাখার জন্য এককালীন ঋণ পরিশোধকারী সদস্যদের মধ্যে অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেন। ফলশ্রুতিতে উক্ত উপজেলায় কিস্তি খেলাপী ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায়সহ এককালীন পরিশোধকারী সদস্যদের বাদ দিয়ে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল করার জন্য কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তদারকি কার্যক্রম জোরদার না করায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ব্যাহত হওয়াসহ নীতিমালা বহির্ভূত কার্যকলাপের বিষয়টি আপনার দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার শামিল হিসেবে বিবেচিত হয়েছে। অন্যদিকে কিস্তিতে ঋণ আদায় জোরদারকরণসহ নতুন সদস্য অন্তর্ভুক্তি/ দল গঠনপূর্বক ঋণ বিতরণ বৃদ্ধির উদ্যোগ নিতে হবে যেন কোন ঋণ তহবিল অলস অবস্থায় ব্যাংকে গচ্ছিত না থাকে।

এমতাবস্থায়, ঋণ নীতিমালা অনুসরণ না করা, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনাকে ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ এর ২৫ অনুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ বা বরখাস্ত করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব মো: ইদ্রিস মিয়া

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা,

বিআরডিবি, দশমিনা, পটুয়াখালী।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: পটুয়াখালী।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, দশমিনা, পটুয়াখালী।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস নথি।